গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৬৭ তারিখ: ২ আশ্বিন ১৪২৫
১৭ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: **প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবেদন।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য দেশের জেলা প্রশাসন, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণের নিকট হতে দেশের কোন জায়গায় অগ্নিকান্ড, নৌকাডুবি, বজ্রপাতে বা অন্য কোন দুর্যোগে ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি। দুর্যোগ সংক্রান্ত তথ্য সংগ্রহের কার্যক্রম অব্যহত রয়েছে।

**সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।
**১৭/০৯/২০১৮ ইং সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**
দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

**পূর্বাভাসঃ** চট্টগ্রাম, বরিশাল ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আকাশ আংশিক মেঘলাসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** আবহাওয়া সামান্য পরিবর্তন হতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| **বিভাগের নাম** | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৫.২ | ৩৫.৪ | ৩৫.৫ | ৩৫.৩ | ৩৪.৫ | ৩৪.৮ | ৩৫.৪ | ৩৬.০ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৬.০ | ২৬.৫ | ২৫.৫ | ২৬.২ | ২৬.০ | ২৫.০ | ২৬.০ | ২৬.৪ |

**দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা:** সর্বোচ্চ ভোলা ৩৬.০° এবং সর্বনিম্ন তেঁতুলিয়া ২৫.০° সেঃ।

এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস

- ব্রহ্মপুত্র-যমুনা ও পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- গঙ্গা নদীর পানি সমতল স্থিতিশীল আছে যা আগামী ২৪ ঘন্টা অব্যাহত থাকতে পারে।
- আপার মেঘনা অববাহিকার প্রধান নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে যা আগামী ৪৮ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় সিরাজগঞ্জ জেলার নিম্নাঞ্চল প্লাবিত হতে পারে এবং জামালপুর, বগুড়া ও গাইবান্ধা জেলার বন্যা পরিস্থিতির সামান্য অবনতি হতে পারে।

নদ-নদীর অবস্থা (আজ সকাল ৯.০০ টা পর্যন্ত)

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ৯৪ | গেজ স্টেশন বন্ধ আছে | ০১ |
| বৃদ্ধি | ৪১ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০ |
| হ্রাস | ৪৭ | মোট তথ্য পাওয়া যায়নি | ০১ |

| | | | |
|---|---|---|---|
| অপরিবর্তিত | ০৫ | বিপদসীমার উপরে | ৫ |

**অদ্য দেশের ৫টি পয়েন্টে নদ-নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।**

| জেলার নাম | পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| গাইবান্ধা | ফুলছারি | যমুনা | ১৯.৮৯ | +৫ | +৭ |
| বগুড়া | সারিয়াকান্দি | যমুনা | ১৬.৮৪ | ০ | +১৪ |
| জামালপুর | বাহাদুরাবাদ | যমুনা | ১৯.৫৬ | +৭ | +৬ |
| সিরাজগঞ্জ | বাঘাবাড়ী | আত্রাই | ১০.৪৪ | +১০ | +৪ |
| টাংগাইল | এলাশিন | ধলেশ্বরী | ১১.৫৮ | +৯ | +১৮ |

**<u>বারিপাত তথ্য</u>**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) : নেই

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| - | - | - | - |

অগ্নিকান্ড: অদ্য দেশের কোথাও থেকে উল্লেখযোগ্য কোন অগ্নিকান্ডের খবর পাওয়া যায় নাই।

**নদী ভাংগনঃ**

**শরীয়তপুরঃ** জেলা প্রশাসক, শরীয়তপুর তাঁর পত্রের মাধ্যমে জানিয়েছেন যে, সাম্প্রতিক বর্ষা মৌসুম হতে পদ্মা নদীর ডান তীরে তীব্র ভাঙ্গন শুরু হয়েছে। জেলার নড়িয়া উপজেলায় পদ্মা নদীর ব্যাপক ভাঙ্গন অব্যাহত আছে। ভাঙ্গনের তীব্রতার কারণে নড়িয়া উপজেলার মোক্তারেরচর, কেদারপুর, ঘড়িষার ও চর আত্রা ইউনিয়ন এবং নড়িয়া পৌরসভার ২ ও ৪ নম্বর ওয়ার্ড ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয় এবং কয়েকটি গ্রাম সম্পূর্ণভাবে বিলীন হয়ে যায়। ইতোমধ্যে পদ্মা নদীর ভাঙ্গনে মূলপাড়া কমিউনিটি ক্লিনিক, চরজুজিরা সরকারী প্রাথমিক বিদ্যালয়, পূর্ব নড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাঁশতলা বাজার, ওয়াপদা লঞ্চঘাট, সাধুর বাজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর মুল ভবন, দেওয়ান ক্লিনিক, লাইফ কেয়ার ক্লিনিক, গাজী কালুর মাজার শরীফের মেহমানখানা, স্থানীয় সংসদ সদস্য মহোদয়ের শ্বশুরালয়, নুসা বিশেষায়িত (প্রতিবন্ধী) বিদ্যালয়, বেশ কয়েকটি মসজিদ, মন্দির, কয়েকশত পাকা দালানসহ কয়েক হাজার বাড়ি ঘর, মুলফৎগঞ্জ বাজারের একাংশ, নড়িয়া উপজেলার কেদারপুর ইউনিয়নে যাওয়ার মুল সড়কটিসহ প্রায় ১.৫ বর্গকি.মি. এলাকা সম্পূর্ণ নদী গর্ভে বিলীন হয়ে গেছে। জাজিরা উপজেলার জাজিরা ইউনিয়নের দুর্বাডাংগা গ্রাম, বিলাসপুর ইউনিয়নের পাচুখারকান্দি, কাজিয়ারচর, সফিকাজির মোড় গ্রামের ঘরবাড়ি, ফসলি জমি, গাছপালা, ২টি মসজিদ ইতোমধ্যে পদ্মা নদীর ভাঙ্গনে বিলীন হয়ে গেছে।

গত ৭ আগষ্ট, ২০১৮ তারিখে সাধুর বাজার লঞ্চঘাটে পদ্মা নদীর পাড় ও তার তীরবর্তী এলাকার ব্যাপক অংশ জুড়ে আকস্মিক ভূমিধ্বসের ঘটনায় কয়েটি দোকান নদী গর্ভে বিলীন হয়ে যায়। ফলে উপস্থিত প্রায় ২০ জন লোক নদীতে ডুবে আহত হয় এবং ৯ জন নিখোঁজ হয়। নিখোঁজদের মধ্যে ১ জনের মৃত দেহ চাঁদপুর থেকে উদ্ধার করা হয়, অন্যদের এখনও পাওয়া যায়নি।

পদ্মা নদীর ভাঙ্গনে ক্ষতিগ্রস্তদের উতোমধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে প্রাপ্ত বরাদ্দ থেকে নিম্নবর্ণিত ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে।

| ক্রঃ নং | উপজেলার নাম | ক্ষতিগ্রস্ত পরিবার সংখ্যা | ত্রাণ সামগ্রীর নাম | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুকনা খাবার (প্যাকেট) | জিআর চাল (মেঃটন) | জিআর ক্যাশ | জিআর ঢেউটিন | গৃহ নি বাবদ |
| ১। | নড়িয়া | ৮,৫৯৫ | ৪,২০০ | ২৫৭.৮৫০ | ২,০০,০০০ | ৭৫০ বান্ডিল | ২২. |
| ২। | জাজিরা | ১১৫ | ১৪০০ | ৩.৪৫০ | - | - | |
| | মোট | ৮৭১০ | ৫৬০০ | ২৬১.৩০০ | ২০০০০০ | ৭৫০ বান্ডিল | ২ |

২। ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১৭-৯-২০১৮
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অধিশাখা
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৬৭/১(৬৪)

তারিখ: ২ আশ্বিন ১৪২৫
১৭ সেপ্টেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
২) পরিচালক (প্রতিকল্প), পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৩) পরিচালক , ত্রাণ অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৪) উপপরিচালক , পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৬) জেলা ত্রাণ ও পুর্ণবাসন কর্মকর্তা

১৭-৯-২০১৮
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা